তারিখ ... 03 MAY 2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ......

সমকাল

জাবিতে আমরণ অনশন

# এক শিক্ষক ও ১১ শিক্ষার্থী অসুস্থ

■ জাবি সংবাদদাতা

ভবন বরাদ্দ সংক্রান্ত সিন্ডিকেটের সিদ্ধান্ত বাতিলের দাবিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের আমরণ অনশন কর্মসূচি অব্যাহত রয়েছে। এতে গতকাল রোববার এক শিক্ষক ও ১১ শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছেন। তাঁরা গত শুক্রবার থেকে আমরণ অনশন কর্মসূচি পালন করছেন।

সরেজমিন গিয়ে দেখা যায়, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের এক শিক্ষক ও ৬ শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছেন। তার মধ্যে গুরুতর অসুস্থ মাহবুবুর রাহমান ও শিখা মনিকে এনাম মেডিকেলে পাঠানো হয়। অন্যরা হলেন- প্রভাষক তানজিলা রাহমান, শিক্ষার্থী অদিতি সরকার, আহসিন আবিদ, শয়ন দাস, সাব্বির আহমেদ।

ভূতাত্ত্বিক বিজ্ঞানের ৫ শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছেন। তারা হলেন- খন্দকার ফাত্তাহুন নাহার চেরী, মাহবুবা খাতুন, ফারহানা কবির, কেএম রিয়াদ ও আফরোজা হীরা।

এ বিষয়ে ক্ষোভ প্রকাশ করে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ শরীফ উদ্দিন বলেন, বিভাগের উদ্ভূত সংকট নিরসনে বিশ্ববিদ্যালয় প্রশাসন দায়িত্বশীল ও আন্তরিকতাপূর্ণ আচরণ না করে শিক্ষার্থীদের শিক্ষাজীবন ধ্বংসের মুখে ঠেলে দিয়েছে।

গত ৩০ এপ্রিল বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট পরিবেশ বিজ্ঞান বিভাগকে ভূতাত্ত্বিক বিজ্ঞান, ইলেক্ট্রনিক্স ও কম্পিউটার বিজ্ঞান ভবনের তৃতীয় তলার ২৮ হাজার বর্গফুট জায়গা বরাদ্দ দেয়। এর প্রতিবাদে এ দুই বিভাগের ২৫ শিক্ষক পদত্যাগ করেন এবং শুক্রবার থেকে আমরণ অনশন পালন করছেন।